

অধিকতর কার্যকর গুগল ব্যবহারের সার্চ টিপ

মইন উদ্দীন মাহমুদ

বিভিন্ন কারণে প্রতিদিন লাখ লাখ লোক গুগল সার্চ ব্যবহার করেন। ছাত্রছাত্রীরা এটি ব্যবহার করে তাদের স্কুল-কলেজের শিক্ষার অংশ হিসেবে। অনেকেই এটি ব্যবহার করেন গবেষণার জন্য। কেউ এটি ব্যবহার করেন বিনোদনের জন্য। বেশিরভাগ লোকই গুগল সার্চ পরিপূর্ণভাবে ব্যবহার করেন না। তবে যা-ই হোক, অধিকতর দক্ষতার সাথে পরিপূর্ণভাবে গুগল সার্চ ব্যবহার করতে চাইলে এবং সার্চ ফলাফল দ্রুত পেতে চাইলে নিচে বর্ণিত গুগল সার্চ টিপ ও ট্রিকস ব্যবহার করা উচিত আপনার সর্বোচ্চ সার্চ দক্ষতা পাওয়ার জন্য।

ট্যাগ ব্যবহার করা

গুগল সার্চে প্রথম টিপটি হলো ট্যাগ ব্যবহার করা। প্রতিটি সার্চের ওপরে বেশ কিছু ট্যাগ থাকে। সাধারণত যেসব ট্যাগ দেখা যায়, সেগুলো হলো Web, Image, News ও More। এই ট্যাগগুলো ব্যবহার করে নির্দিষ্ট করতে সহায়তা করতে পারবেন কোন ধরনের সার্চ নিয়ে কাজ করতে হবে।

যদি আপনার ইমেজ দরকার হয়, তাহলে Image ট্যাগ ব্যবহার করুন। যদি সাম্প্রতিক খবরের আর্টিকলের খোঁজ করতে চান, তাহলে News ট্যাগ ব্যবহার করুন।

এটি মৌলিক এবং বেশিরভাগ ব্যবহারকারী এই ট্যাগ ব্যবহার করে থাকেন। যদি এটি ব্যবহার না করে থাকেন, তাহলে বিশেষজ্ঞদের পরামর্শ এ ট্যাগ ব্যবহারে অভ্যস্ত হওয়া। যদি এই ট্যাগ যথাযথভাবে ব্যবহার করতে পারেন, তাহলে আপনার সার্চ টাইম নাটকীয়ভাবে কমে যাবে।

কৌট ব্যবহার করা

সুনির্দিষ্ট কোনো কিছুর জন্য সার্চ করতে চাইলে এবং গুগল সার্চের জন্য অনুমান নির্ভরতা কমানোর জন্য কৌট (quote) ব্যবহার করতে চেষ্টা করুন। যখন কৌটের ভেতরে সার্চ প্যারামিটার রাখবেন, তখন এটি সার্চ ইঞ্জিনকে সম্পূর্ণ ফ্রেইজ সার্চ করতে বলবে।

উদাহরণস্বরূপ, যদি আপনি Puppy Dog Sweaters-এর জন্য সার্চ করেন, তাহলে সার্চ ইঞ্জিন ওইসব কনটেন্টের জন্য সার্চ করবে, যেখানে ওই তিনটি ওয়ার্ড আছে যেকোনো অর্ডারে।

তবে যাই হোক, যদি Puppy Dog Sweaters সার্চ করেন, তাহলে আপনি যেভাবে টাইপ করেছেন সার্চ ইঞ্জিন, ছবছ ঠিক সেই ফ্রেইজ অনুযায়ী সার্চ করবে। এটি সুনির্দিষ্ট তথ্য লোকেট করতে সহায়তা করে, যা হয়তো অন্যান্য কনটেন্টের মধ্যে সমাহিত



অবস্থায় অর্থাৎ হিডেন থাকবে, যদি না যথাযথভাবে সার্চ তথ্য বিন্যাস করা হয়।

হাইফেন ব্যবহার করুন ওয়ার্ড বাদ দেয়ার জন্য

কখনো কখনো আপনাকে অনিশ্চিতভাবে

কোনো কিছু খোঁজ করতে হয়। উদাহরণস্বরূপ আপনি Mustang খোঁজ করছেন। যখন গুগলে Mustang -এর জন্য সার্চ করবেন, তখন ফলাফল হিসেবে ফোর্ড নির্মিত গাড়ি অথবা ষোড়া উভয় পেতে পারেন। যদি আপনি একটি বাদ দিতে চান, তাহলে হাইফেন ব্যবহার করতে পারেন সার্চ ইঞ্জিনকে একটি কনটেন্টকে অন্যটি থেকে এড়িয়ে যেতে বলার জন্য। নিচের উদাহরণটি লক্ষ করুন-

Mustang -cars

ওপরের উদাহরণে সার্চ ইঞ্জিনকে শুধু মাসটাংয়ের জন্য সার্চ করতে বলা হয়েছে, কিন্তু যেকোনো ফলাফলকে বাদ দিতে বলা হয়েছে যেখানে car ওয়ার্ডটি রয়েছে। গুগল সার্চে হাইফেনের ব্যবহার অন্য কোনো তথ্য না খুঁজে বরং সুনির্দিষ্ট বিশেষ ধরনের কোনো তথ্য খুঁজে পেতে ব্যাপক-বিস্তৃতভাবে সহায়ক হতে পারে।

সুনির্দিষ্ট সাইট সার্চ করার জন্য কোলন ব্যবহার করা

আর্টিকল অথবা একটি নির্দিষ্ট ওয়েবসাইটের কনটেন্টের জন্য গুগল সার্চের দরকার হয় এমন নজির আপনার থাকতে পারে। এমন দৃষ্টান্তের সাধারণ এক সিনট্যাক্স নিচে তুলে ধরা হয়েছে-

Sidney Crosby site:nhl.com

এখানে বিখ্যাত হকি খেলোয়াড় Sidney Crosby সম্পর্কে সব কনটেন্টের জন্য সার্চ করবে, তবে শুধু NHL.com. সাইটে। এর ফলে অন্য সব সার্চ ফলাফল অপসারিত হবে। যদি বিশেষ কোনো সাইটের সুনির্দিষ্ট কনটেন্ট খোঁজার দরকার হয়, তাহলে এটি হবে আপনার জন্য শর্টকাট, যা ব্যবহার করতে পারেন।

একটি পেজ খুঁজে বের করুন, যা অন্য পেজে লিঙ্ক হয়

ছোট এই গুগল সার্চ টিপটি কিছুটা দুর্বোধ্য। একটি সুনির্দিষ্ট পেজের জন্য সার্চ করার পরিবর্তে একটি পেজ সার্চ করুন, যা নির্দিষ্ট পেজে লিঙ্ক থাকে।

এভাবে এ সম্পর্কে ভাবুন। কে তাদের সাইটে New York Times আর্টিকল উল্লেখ করেছে তা যদি আপনি দেখতে চান, তাহলে নিচের কৌশলটি ব্যবহার করে এর সাথে লিঙ্ক সব সাইট খুঁজে পাবেন।

link:nytimes.com

এর ফলে New York Times-এর অফিসিয়াল সাইটের সাথে লিঙ্ক করা সব পেজ রিটার্ন করবে। ডান দিকের ইউআরএল (URL) প্রাথমিক্যালি যেকোনো কিছু হতে পারে।

অ্যাসটারিস্ক ওয়াইল্ড কার্ড ব্যবহার করা

এই লিস্টে উল্লিখিত সবচেয়ে সহায়ক টিপ হলো অ্যাসটারিস্ক ওয়াইল্ড

কার্ড ব্যবহার করা। এটি কীভাবে কাজ করে তা নিচে তুলে ধরা হয়েছে—

গুগল সার্চে যখন সার্চ টার্মে একটি অ্যাসটারিস্ক বা তারকা চিহ্ন (*) ব্যবহার করা হয়, তখন এটি একটি প্লেসহোল্ডার তথা সিম্বল ছেড়ে দেয়, যা পড়ে স্বয়ংক্রিয়ভাবে পূর্ণ হতে পারে সার্চ ইঞ্জিনের মাধ্যমে। গীতি কবিতা বা গানের লিরিক খুঁজে পাওয়ার এটি একটি উপায়, যদি গানের প্রতিটি ওয়ার্ড আপনার জানা না থাকে। নিচে এর সিনট্যাক্সটি লক্ষ করুন—

“Come * right now * me”

অনেকের কাছে ওপরে উল্লিখিত কৌশলটিকে বলা যায় বোকাম মতো এক কাজ। যাই হোক, অ্যাসটারিস্ক দিয়ে যেকোনো ওয়ার্ড হতে পারে তা জেনে গুগল সার্চ আপনার জন্য ওই ফ্রেইস সার্চ করবে।

এমন অবস্থায় খুঁজে পাবেন যে, এটি The Beatles সংস Come Together-এর লিরিক এটি, যা সার্চ ইঞ্জিন আপনাকে বলে দেবে।

সাইট খুঁজে বের করুন যেগুলো

অন্যান্য সাইটের মতো

এটি একটি ইউনিক কৌশল, যা প্রত্যেক ব্যবহারকারী ব্যবহার করতে পারবেন, যদি এর উপস্থিতি বুঝতে পারেন।

ধরা যাক, আপনার ওয়েবসাইটটি পছন্দের একটি। এটি যেকোনো কিছু হতে পারে। যাই হোক, আপনার ওয়েবসাইটটি ধীরে ধীরে কিছুটা বিরক্তিকর হয়ে উঠতে পারে। এমন অবস্থায় এই ওয়েবসাইটের মতো আরেকটি ওয়েবসাইটের খোঁজ করতে পারেন। এ কাজ করার জন্য নিচে উল্লিখিত সিনট্যাক্সটি লক্ষ করুন—

related:amazon.com

ওপরে উল্লিখিত সিনট্যাক্স ব্যবহার করে আপনি Amazon-এর লিঙ্ক খুঁজে পাবেন না। এর পরিবর্তে আপনি অনলাইন স্টোরের লিঙ্ক যেমন Amazon-এর লিঙ্ক খুঁজে পাবেন। Barnes & Noble, Best Buy-এর মতো অন্যান্য সাইট যেগুলো অনলাইনে ফিজিক্যাল আইটেম বিক্রি করে। এটি একটি শক্তিশালী গুগল সার্চ টুল, যা ব্রাউজ করার জন্য নতুন সাইট খুঁজে পেতে আপনাকে সহায়তা করতে পারে।

ম্যাথের জন্য গুগল সার্চ ব্যবহার করা

আসলে গুগল সার্চ ম্যাথও করতে পারে। যেহেতু এটি বিভিন্ন উপায়ে ব্যবহার করা যায়, তাই এটি বর্ণনা করাও যথেষ্ট কঠিন। আপনি একে বেসিক অথবা জটিল প্রশ্ন করতে পারেন। লক্ষণীয়, এটি গণিতের সব সমস্যার সমাধান করতে না পারলেও যথেষ্ট পরিমাণের সমস্যার সমাধান দিতে পারে। ব্যবহারকারীর উদ্দেশ্যে ম্যাথ করার জন্য গুগল সার্চের সিনট্যাক্সের কয়েকটি উদাহরণ নিচে তুলে ধরা হয়েছে—

8 * 5 + 5

Planck's Constant

যদি আপনি প্রথমটি সার্চ করেন, তাহলে এটি ৪৫ রিটার্ন করবে। এটি একটি ক্যালকুলেটরও প্রদর্শন করবে, যা ব্যবহার করতে পারবেন আরো বেশি প্রশ্নের উত্তর খোঁজার জন্য।

এটি খুব সহায়ক এক কৌশল, যদি

দ্রুতগতিতে ম্যাথ করার দরকার হয়। যদি দ্বিতীয় টার্মটি সার্চ করেন, তাহলে এটি Planck's Constant-এর নাম্বার ভ্যালু রিটার্ন করবে।

সুতরাং এটি ম্যাথ করতে পারলেও আপনার ম্যাথ সমস্যার সমাধানে সহায়তা করতে পারে জানা ম্যাথমেটিক্যাল টার্মের ভ্যালু প্রদর্শন করার মাধ্যমে।

একসাথে মাল্টিপল ওয়ার্ড সার্চ করা

গুগল সার্চ বেশ ফ্লেক্সিবল তথা নমনীয়। এটি জানে আপনি যা খোঁজ করছেন, তা শুধু একটি সিম্পল ওয়ার্ড সার্চ করার মাধ্যমে হয়তো খুঁজে নাও পেতে পারেন। আর এ কারণেই আপনাকে মাল্টিপল ওয়ার্ড সার্চ করার সুযোগ দেয় এটি।

এ ট্রিক ব্যবহার করে আপনি একটি ওয়ার্ড অথবা ফ্রেইজের সাথে দ্বিতীয় একটি ওয়ার্ড অথবা ফ্রেইজ সার্চ করতে পারবেন। আপনি ঠিক কী খোঁজ করছেন, তা খুঁজে পেতে সহায়তা করবে সার্চিং প্রক্রিয়াকে কমিয়ে আনার মাধ্যমে। এ কাজ করার জন্য নিচে উল্লিখিত সিনট্যাক্স দুটি লক্ষ করুন—

Best ways to prepare for a job interview
অথবা How to prepare for a job interview

এ সার্চিংয়ের মাধ্যমে আপনি উভয় ফ্রেইজ সার্চ করতে পারবেন। ইতোমধ্যেই সার্চিংয়ে কৌটের ব্যবহার দেখানো হয়েছে। একইভাবে এটি এখানেও

বিজয়ী হয়। এ উদাহরণে শুধু একটি নাম্বারের সাথে দুটি ডট সার্চকে বলবে ২০০৪-এর আগে অথবা পরে আপনার কোনো কিছু দরকার নেই। এই সার্চ কৌশল সুনির্দিষ্ট নাম্বার সার্চ করার ক্ষেত্রে সার্চ ফলাফলকে উন্নত করতে সহায়তা করবে।

দ্বিতীয় উদাহরণে গুগল সার্চ করবে ৪১, ৪২ এবং ৪৩-এর জন্য। এটি দুর্বোধ্য হলেও ব্যাপকভাবে সহায়ক হবে যদি এ ধরনের নাম্বার সার্চ করার দরকার হয়।

সাধারণ সার্চ


গুগল সার্চ জানে কীভাবে প্রচুর জিনিস সার্চ করতে হয়। এর অর্থ হচ্ছে আপনাকে খুব বেশি সুনির্দিষ্ট করে সার্চ করতে হবে। ধরুন, আপনার দরকার কাছাকাছি কোনো পিজা প্লেস। এ ক্ষেত্রে ব্যবহার করুন নিচের সাধারণ কৌশলটি—

Pizza places nearby

এ ক্ষেত্রে গুগল সার্চ আপনার লোকেশন বের করে আনবে এবং পিজা প্লেস সম্পর্কে বিভিন্ন ধরনের রেজাল্ট ডেলিভার করবে, যেগুলো আপনার লোকেশনের কাছাকাছি।

ধাপে ধাপে সার্চ টার্ম যুক্ত করা

এমন এক সময় আসবে যখন গুগল সার্চ আপনার প্রত্যাশিত ফলাফল দিতে পারবে না। এ



ব্যবহার করে দেখানো হয়েছে। এ উদাহরণে ঠিক এ দুটি ফ্রেইজই সার্চ করবে। এ ধরনের কাজ করা যাবে কোট ছাড়া ওয়ার্ড ব্যবহার করার মাধ্যমে। নিচে উল্লিখিত সিনট্যাক্সটি লক্ষ করুন—

chocolate OR white chocolate

এ উদাহরণে ওইসব পেজের জন্য সার্চ করবে, যেখানে chocolate অথবা white chocolate আছে।

এক রেঞ্জ নাম্বার সার্চ করা

এক রেঞ্জ নাম্বারের জন্য সার্চ করা আমরা সাধারণত প্রত্যাশা করি না, যা অনেকেই ব্যবহার করে থাকেন। যারা এটি ব্যবহার করেন, তারা মাঝেমাঝেই ব্যবহার করেন।

টাকা পয়সা অথবা পরিসংখ্যানে উৎসাহীদের জন্য এ টিপটি বিশেষভাবে সহায়ক ভূমিকা রাখতে পারবে। সাধারণত দুটি ডট এবং একটি নাম্বার ব্যবহার করা হলে গুগল সার্চ বুঝে নেয় আপনি নির্দিষ্ট রেঞ্জের নাম্বার সার্চ করছেন। এজন্য নিচে উল্লিখিত সিনট্যাক্স অনুসরণ করুন—

What teams have won the Stanley Cup..2004

41..43

উপরে উল্লিখিত প্রথম উদাহরণে সার্চে বলা হয়েছে কোন টিম ২০০৪ সালে Stanley Cup-এ

ক্ষেত্রে এ টিপটি সহজ-সরল রাখা সেরা অপশন হতে পারে না। যেহেতু গুগল নিজেই সার্জেস্ট করে, গুগল সার্চের সেরা উপায় হলো সবচেয়ে সহজ উপায় দিয়ে কাজ শুরু করা এবং এরপর ধীরে ধীরে কঠিন থেকে কঠিনতর উপায়ে গুগল সার্চ করা। এজন্য নিচে উল্লেখ করা উদাহরণগুলো খেয়াল করুন—

- * প্রথম প্রচেষ্টা : জব ইন্টারভিউ (job interviews)
- * দ্বিতীয় প্রচেষ্টা : জব ইন্টারভিউয়ের জন্য প্রস্তুত থাকা (prepare for job interviews)
- * তৃতীয় প্রচেষ্টা : জব ইন্টারভিউয়ের জন্য যেভাবে প্রস্তুত হবেন (how to prepare for a job interview)

এটি ধীরে ধীরে সার্চকে রিফাইন করবে তুলনামূলকভাবে কম থেকে বেশি টার্গেট করা আইটেম আনার জন্য। কারণ, আপনাকে সরাসরি প্রথম প্রচেষ্টা থেকে শুরু করে তৃতীয় প্রচেষ্টা পর্যন্ত সবগুলো দিয়ে চেষ্টা করতে হবে না; কেননা আপনি কী সার্চ করছেন, তা হয়তো মিস করতে পারেন দ্বিতীয় ধাপ এড়িয়ে যাওয়ার কারণে।

বেশ কিছু উপায়ে লাখ লাখ ওয়েব সাইট একই তথ্য ফ্রেইজ করে। এই কৌশল অবলম্বন করে সেরা তথ্য পাওয়ার জন্য আপনি সম্ভাব্য বিভিন্নভাবে সার্চ করতে পারবেন **কক**

ফিডব্যাক : siam.moazhem@gmail.com